

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৪০.৯৯.১৩৪.০৫.৯১

তারিখ: ১৭ চৈত্র ১৪২২
৩১ মার্চ ২০১৬

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়
এইচ বি এফ সি ভবন, ২২, পুরানা পল্টন, ঢাকা

বিষয়: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আওতায় আবহাওয়া সংক্রান্ত বিভিন্ন উপাত্ত ও প্রতিবেদন সরবরাহের রেইট পুনর্নির্ধারণ।

নির্দেশক্রমে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আওতায় আবহাওয়া সংক্রান্ত বিভিন্ন তথ্য উপাত্ত ও প্রতিবেদন সরবরাহের রেইট নিম্নরূপভাবে পুনর্নির্ধারণ করা হল:

(ক) উপাত্ত সংখ্যা, সময় ও স্টেশন সংখ্যার ভিত্তিতে প্রস্তাবিত রেইট:

(অংকসমূহ টাকায়)

ক্রমিক নং	আইটেম	সংখ্যা	উপাত্ত সরবরাহের ভিত্তি		
			৩ ঘণ্টা অন্তর	দৈনিক	মাসিক
১	২	৩	৪	৫	৬
১.	যে কোন উপাত্ত	১টি	১,০০০.০০	৮০০.০০	৫০০.০০
২.	স্টেশন সংখ্যা	১টি	২০০.০০	১০০.০০	১০০.০০
৩.	সময়	প্রতি ৫ বছর	২০০.০০	১০০.০০	১০০.০০

(খ) প্রতিবেদনের দিন সংখ্যা অনুযায়ী প্রস্তাবিত রেইট:

(অংকসমূহ টাকায়)

ক্রঃ নং	প্রতিবেদনের দিন সংখ্যা	প্রস্তাবিত রেইট
১	২	৩
১	১-৫ দিন	৫০০.০০
২	৬-১০ দিন	১,০০০.০০
৩	১১-১৫ দিন	১,৫০০.০০
৪	১৬-২০ দিন	২,০০০.০০
৫	২১-২৫ দিন	২,৫০০.০০
৬	২৬-৩০ দিন	৩,০০০.০০

২। আবহাওয়া সংক্রান্ত বিভিন্ন তথ্য উপাত্ত ও প্রতিবেদন সরবরাহের ক্ষেত্রে পুনর্নির্ধারিত রেইট নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন নিশ্চিত করতে হবে:

- (ক) পুনর্নির্ধারিত রেইটসমূহ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ, আবহাওয়া সদর দপ্তর/আঞ্চলিক অফিসসমূহের নোটিশ বোর্ড, রাডার/সিসমিক পর্যবেক্ষণাগার এবং অধিদপ্তরের অন্যান্য কার্যালয়ে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;
- (খ) পুনর্নির্ধারিত রেইট অনুযায়ী সরকারি কোষাগারে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে অর্থ জমা প্রদান;
- (গ) প্রাপ্ত অর্থের হিসাব প্রতি মাসে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ; এবং
- (ঘ) পুনর্নির্ধারিত রেইট বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করে হালনাগাদকরণ।

৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-১ এর ২১ মার্চ ২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৪৩.১৯.০০৫.০২-০৯ সংখ্যক পত্রানুসারে এ আদেশ জারি করা হল।

৪। পত্র জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।


স্বাক্ষরিত
তারিখ ৩১/৩/২০১৬
নাসিম বানু
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৪১৫৭১
E-mail: sec4@mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.০৪০.৯৯.১৩৪.০৫.৯১

তারিখ: ১৭ চৈত্র ১৪২২
৩১ মার্চ ২০১৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: উপ সচিব, নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-১)
- ২। যুগ্ম-সচিব, বাজেট অধিশাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা
- ৩। উপ পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৪। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)


নাসিম বানু
সিনিয়র সহকারী সচিব